

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
বাগেরহাট  
আইসিটি শাখা



জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি মোহাঃ খালিদ হোসেন  
জেলা প্রশাসক

সভার তারিখ ২১ এপ্রিল, ২০২৪।

সভার সময় দুপুর ০১.৪৫ ঘটিকা।

স্থান জেলা প্রশাসক, বাগেরহাট এর সম্মেলন কক্ষ।

উপস্থিতি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট, সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট, জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট, উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।

সভাপতি জেলা ইনোভেশন কমিটির সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনো প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. বিভিন্ন দপ্তরের গৃহীত ইনোভেশনের উদ্যোগসমূহ তদারকি ও প্রকল্পসমূহ সুন্দর ও স্বচ্ছভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	১.১. বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ সুন্দর ও স্বচ্ছভাবে তদারকি করতে হবে এবং তা যথাসময়ে বাস্তবায়নপূর্বক সকল উপজেলায় ইনোভেশন প্রকল্প গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট ও জেলা পর্যায়ের অফিস প্রধান (সকল)।
২. সভায় জেলার কোনো দপ্তরে ইনোভেশন থাকলে তা যথাসময়ে জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	২.১. সকল অফিস প্রধান কর্তৃক স্মার্ট বাংলাদেশের আইডিয়া/ ইনোভেশন আইডিয়া গ্রহণের তালিকা যথাসময়ে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করতে হবে।	অফিস প্রধান (সকল)

<p>৩. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দেশকে উন্নত ও বিশ্বের দরবারে রোল মডেল হিসেবে পরিচিতি করা, ছাত্র-ছাত্রীদের উপকারভোগী ও কর্মসংস্থানের মাধ্যমে গড়ে তোলা এবং কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামের উপর প্রশিক্ষণ দেয়া ও আইসিটি বিষয়ে সম্যক জ্ঞান দানের বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>৩.১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দেশকে উন্নত ও বিশ্বের দরবারে রোল মডেল হিসেবে পরিচিতি করা, ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের মাধ্যমে গড়ে তোলা এবং কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামের উপর প্রতি মাসে একটি করে প্রশিক্ষণ দেয়া ও আইসিটি বিষয়ে সম্যক জ্ঞান দান করতে হবে।</p>	<p>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট, সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট।</p>
<p>৪. সহকারী কমিশনার, আইসিটি সভায় জানান যে, বাগেরহাট জেলায় ইনোভেশন কার্যক্রমের গতি আরো বৃদ্ধি করে সুনির্দিষ্ট জনবান্ধব ইনোভেশন প্রকল্প গ্রহণ করা দরকার। চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য নতুন প্রকল্প গ্রহণে উৎসাহ প্রদান এবং সহযোগিতা প্রদানের উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>৪.১. নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে এবং তা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও জেলা পর্যায়ের সকল অফিস প্রধান, বাগেরহাট।</p>
<p>৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো শিক্ষা প্রতিষ্ঠানে সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা বা কোনো সমস্যা আছে কিনা এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>৫.১ যে সকল স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে সেগুলো পরিদর্শন করতে হবে এবং তার একটি প্রতিবেদন প্রতিমাসে জেলা কার্যালয়ে দ্রুত দাখিল করতে হবে।</p>	<p>জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।</p>

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহাঃ খালিদ হোসেন

জেলা প্রশাসক


স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৬.০০২.১৬.৩৭

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বাগেরহাট।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, মোল্লাহাট, চিতলমারী, কচুয়া, মোরেলগঞ্জ, শরনখোলা, মোংলা, রামপাল ও ফকিরহাট, বাগেরহাট।
- ৬) সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট।
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট



মোহাঃ খালিদ হোসেন  
জেলা প্রশাসক